গাংনীতে বিএনপির লাঠি মিছিল ও সমাবেশ

ঢাকার জিরো পয়েন্টে শহীদ নূর হোসেন চত্বরে বিক্ষোভ মিছিল কর্মসূচি করার ঘোষণা দেয় আওয়ামী লীগ। দলটির ফেসবুক পেজে প্রকাশিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

পতিত স্বৈরাচারী সরকারের এই ঘোষণার পর ফুঁসে উঠছে গাংনীর বিএনপি।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক সাহারবাটি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে আজ রোববার সকালে উপজেলা শহরে লাঠিশোঠা হাতে নিয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

সকাল সাড়ে ৬ টার সময় গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকা থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে বড়বাজার এলাকায় গিয়ে শেষ হয়।

পরে শহীদ আবু সাঈদ চত্তরে সংক্ষিপ্ত সমাবেশ হয়। সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌরসভার ২ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ও উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, গাংনী উপজেলা ওলামা দলের সভাপতি ও ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি ইনামুল হক।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, ১ নং বাঁশবাড়িয়া ওয়ার্ড বিএনপির সভাপতি আব্দুল গনি প্রমুখ।

আসাদুজ্জামান বাবলু বলেন, পতিত স্বৈরাচার সরকারের সন্ত্রাসীরা ঢাকা বিশ্ববিদ্যালয় ও সেনাবাহিনীর সদর দফতর জ্বালিয়ে দেওয়ার জন্য কর্মসূচি দিয়েছে। বিএনপির নেতাকর্মী আওয়ামী সন্ত্রাসীদের সেই কর্মসূচির দাঁতভাঙ্গা জবাব দেবে। আমরা মাঠে আছি সন্ত্রাসীদের প্রতিহত করতে। স্বৈরাচারীদের প্রেত্মাত্বারা কোনো কর্মসূচি নিলে জাতীয়তাবাদী দল তাঁদের প্রতিহত করবে। আজ রবিবার সন্ধ্যায় আওয়ামী লীগের বিরুদ্ধে মশাল মিছিলের কর্মসূচি ঘোষণা করেন তিনি।